# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩৯৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৭০]

১০. কিতাবুল আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ লোক সংখ্যা যাই হোক ইমাম কি তাদেরকে নিয়েই নামায পড়বেন? বৃষ্টির দিনেও কি তিনি খুতবা দিবেন?

باب هَلْ يُصَلِّي الإِمَامُ بِمَنْ حَضَرَ وَهَلْ يَخْطُبُ يَوْمَ الْجُمُعَةِ فِي الْمَطَرِ

আরবী

ـ عَنْ أَنَس بْنِ مَالِكٍ يَقُولُ: قَالَ رَجُلٌ مِنَ الانْصَارِ: إِنِّي لا أَسْتَطِيعُ الصَّلاةَ مَعَكَ،ـ وَكَانَ رَجُلا ضَخْمًا ـ فَصَنَعَ لِلنَّبِيِّ طَعَامًا، فَدَعَاهُ إِلَى مَنْزِلِهِ، فَبَسَطَ لَهُ حَصِيرًا، وَنَضَحَ طَرَفَ الْحَصِيرِ، فَصَلَّى عَلَيْهِ رَكْعَتَيْنِ، فَقَالَ رَجُلٌ مِنْ آلِ الْجَارُودِ لانَسِ بْنِ مَالِكٍ : أَكَانَ النَّبِيُّ يُصَلِّي الضُّحَى؟ قَالَ: مَا رَأَيْتُهُ صَلاهَا إِلا يَوْمَئِذٍ.

বাংলা

৩৯৭) আনাস বিন মালেক (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেছেনঃ এক আনসারী লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললঃ মসজিদে এসে আমি আপনার সাথে জামাআতে নামায পড়তে পারিনা। সে ছিল একজন মোটা লোক। সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য খানা তৈরী করে তার বাড়ীতে যাওয়ার আবেদন করল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার বাড়ীতে গেলে সে একটি চাটাই বিছিয়ে দিল এবং চাটাইয়ের এক পার্শ্ব পানি দিয়ে ধৌত করল। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চাটাইয়ের উপর দু'রাকআত নামায পড়লেন। জারূদ পরিবারের একজন লোক আনাসকে জিজ্ঞেস করলঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি চাশতের নামায পড়তেন? আনাস (রাঃ) বললেনঃ আমি সেদিন ব্যতীত আর কখনও তাঁকে চাশতের নামায পড়তে দেখিনি।

টিকাঃ এটি সাহাবীর ব্যক্তিগত অভিজ্ঞতার বহিঃপ্রকাশ মাত্র। মূলতঃ এ ব্যাপারে বহু হাদীছ বর্ণিত হয়েছে।

## English

Can the Imam offer the Salat (prayer) with only those who are present (for the prayer)? And can be deliver a Khutba (religious talk) on Friday if it is raining?

Narrated Anas bin Seereen:

I heard Anas saying, "A man from Ansar said to the Prophet, 'I cannot pray

with you (in congregation).' He was a very fat man and he prepared a meal for the Prophet (ﷺ) and invited him to his house. He spread out a mat for the Prophet, and washed one of its sides with water, and the Prophet (ﷺ) prayed two rak`at on it." A man from the family of Al-Jaruid [??] asked, "Did the Prophet (ﷺ) used to pray the Duha (forenoon) prayer?" Anas said, "I did not see him praying the Duha prayer except on that day."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89695

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন